

প্রিয় অতিথি,

Test & Trace Corps আপনাকে পরিচর্যা (Take Care) হোটেলে স্বাগত জানায় যেখানে আপনি নিজেকে এবং আপনার প্রিয়জনদের রক্ষা করতে নিরাপদে আলাদা থাকতে পারেন, এবং COVID-19 এর বিস্তার রোধ করতে পারেন। আমরা চাই এখানে থাকাকালীন আপনি স্বাচ্ছন্দ্য থাকুন এবং এখানে থাকাকালীন আপনার জন্য যে বহু পরিষেবা ও সহায়তার ব্যবস্থা রয়েছে সেগুলির সুবিধা গ্রহণ করুন।

নিম্নলিখিত পরিষেবাগুলি **বিনামূল্যে** প্রদান করা হয়:

- হোটেলে আসা যাওয়ার জন্য রাউন্ড-ট্রিপ পরিবহন এবং যে কোন প্রয়োজনীয় মেডিকেল অ্যাপয়েন্টমেন্ট
- ব্যক্তিগত রুম এবং বাথরুম
- অনসাইট COVID-19 পরীক্ষা
- বিনামূল্যে ওয়াই-ফাই এবং কেবল টিভি
- সংযুক্ত থাকতে আনলিমিটেড লোকাল ফোন কল
- প্রতিদিন সকালের নাস্তা, লাঞ্চ, এবং রাতের খাবার
- দোভাষী পরিষেবা
- প্রেসক্রিপশনের ওষুধ সরবরাহ
- দক্ষ ডাক্তার, নার্স এবং সমাজকর্মী দ্বারা প্রদত্ত অনসাইট স্বাস্থ্যসেবা সহায়তা
- মানসিক স্বাস্থ্যসেবা সরবরাহকারীদের অ্যাক্সেস করতে টেলিসাইকিয়াট্রি

আপনার নিরাপত্তার জন্য, আমরা আপনার ফ্লোরে কর্মী নিয়োগ করেছি। আপনি এখানে থাকাকালীন তারা আপনাকে সাহায্য করতে পারে এবং আপনার স্বাস্থ্য পর্যবেক্ষণ করতে পারে।

আপনার যদি খাদ্য, আর্থিক সহায়তা, হাউজিং বা উচ্ছেদ প্রতিরোধ, বা আইনি পরিষেবার মতো অন্যান্য চাহিদা থাকে, তাহলে আমাদের দলের সদস্য আছে যারা সাহায্য করতে পারে।

পরিচর্যা (Take Care) হোটেলে থাকাটা আপনার পার্মানেন্ট রেসিডেন্সি ("গ্রীন কার্ড") এর জন্য আবেদন করার সক্ষমতাসহ, আপনি পেয়ে থাকেন এমন অন্য কোন সুবিধার উপর কোন প্রভাব ফেলবে না। সেইসাথে, COVID-19 সম্পর্কিত চিকিৎসা বা প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা পরিষেবাগুলি পাবলিক চার্জ আইনের অধীনে বিবেচনা করা হবে **না**।

আমরা চাই যে এখানে থাকাকালীন আপনি স্বচ্ছন্দ ও নিরাপদ অনুভব করুন। আপনার যদি কোনও প্রশ্ন থাকে বা কোনও সমস্যার কথা বলতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার ফ্লোরে নিযুক্ত কর্মীর সাথে কথা বলুন, অথবা ফ্রন্ট ডেস্কে যোগাযোগ করুন।

বিনীত,

Test & Trace Corps